

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার
(সাধারণ শাখা)

www.coxsbazar.gov.bd

স্মারক নং : ০৫,২০,২২০০,২১০,০৬,০১৬,২০২৫-৪৫০

তারিখ : ১৪/০৮-২০২৬খ্রি:

সার ডিলার পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি

“সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা” ২০২৫ (সংশোধিত) এর আলোকে কক্সবাজার জেলার নিম্নোক্ত ডিলার ইউনিটের বিপরীতে সার ডিলার নিয়োগের জন্য নিম্নলিখিত শর্তসাপেক্ষে পুনরায় আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

ক্র.ম	ইউনিয়ন/পৌরসভা	শূণ্য ডিলার ইউনিট/সার ডিলার এর কার্য এলাকা/ব্লকের নাম.....ওয়ার্ড	ক্র.ম	ইউনিয়ন/পৌরসভা	শূণ্য ডিলার ইউনিট/সার ডিলার এর কার্য এলাকা/ব্লকের নাম.....ওয়ার্ড
চকরিয়া উপজেলা			রামু উপজেলা		
১	খুটাখালী	মেধাকছপিয়া, ওয়ার্ড ১,২, ৩	৪৫	ঈদগড়	ঈদগড়, ওয়ার্ড ১,২,৩
২		ফুলছড়ি, ওয়ার্ড ৭,৮, ৯	৪৬		জ্ঞান ঈদগড়, ওয়ার্ড ৭,৮,৯
৩	ডুলাহাজারা	ডুলাহাজারা, ওয়ার্ড ৪,৫, ৬	৪৭	গর্জনীয়া	জুমছড়ি, ওয়ার্ড ১,২,৩
৪	ফাঁসিয়াখালী	দিগরপানখালী ও নোয়াপাড়া (আংশিক) ওয়ার্ড ১,৩, ৬	৪৮		মাঝিরকাটা, ওয়ার্ড ৪,৫,৬
৫	চিরিঙ্গা	সওদাগরঘোনা ও চরণদীপ (আংশিক) ওয়ার্ড ৫,৬, ৭	৪৯	কাউয়ারখোপ	মনিরঝিল, ওয়ার্ড ১,২,৩
৬	লক্ষ্যারচর	মন্ডলপাড়া, ওয়ার্ড ১,২, ৩	৫০		উখিয়াঘোনা, ওয়ার্ড ৭,৮,৯
৭		শিকলঘাটা, ওয়ার্ড ৪,৫, ৬	৫১	রাজারকুল	দক্ষিণ রাজারকুল, ওয়ার্ড ১,২,৩
৮		জিন্দাবাজার, ওয়ার্ড ৭,৮, ৯	৫২		পশ্চিম রাজারকুল, ওয়ার্ড ৪,৫,৬
৯	কৈয়ারবিল	খিলছাদক, ওয়ার্ড ১,২,৩	৫৩	দক্ষিণ মিঠাছড়ি	ওমখালী, ওয়ার্ড ১,২,৩
১০	কাকারা	মাইজকাকারা, ওয়ার্ড ৪,৫,৬	৫৪		পানেরছড়া, ওয়ার্ড ৪,৫,৬
১১	বমুবিছড়ি	নন্দিরবিল, ওয়ার্ড ৭,৮,৯	৫৫	চাকমারকুল	জারাইতলী ও চাকমারকুল (আংশিক), ওয়ার্ড ৩,৫,৬
১২	হারবাং	হারবাং, ওয়ার্ড ১,২,৩	৫৬		শ্রীমুরা, ওয়ার্ড ৭,৮,৯
১৩	পূর্ব বড় ভেওলা	পূর্ব বড় ভেওলা, ওয়ার্ড ৭,৮,৯	৫৭	রশিদনগর	ধলিরছড়া, ওয়ার্ড ১,২,৩
১৪	সাহারবিল	সাহারবিল, ওয়ার্ড ১,২,৩	৫৮		রশিদনগর, ওয়ার্ড ৪,৫,৬
১৫	ঢেমুশিয়া	দক্ষিণ ঢেমুশিয়া ও পশ্চিম ঢেমুশিয়া (আংশিক) ওয়ার্ড ৪,৫,৬	৫৯	খুনিয়াপালং	গোয়ালিয়াপালং, ওয়ার্ড ৭,৮,৯
১৬		পশ্চিম ঢেমুশিয়া ও উত্তর ঢেমুশিয়া (আংশিক) ওয়ার্ড ৭,৮,৯	কক্সবাজার সদর উপজেলা		
১৭	বদরখালী	সাতডালিয়া, ওয়ার্ড ৭,৮,৯	৬০	চৌফলদহী	পূর্ব চৌফলদহী ও পশ্চিম চৌফলদহী (আংশিক), ওয়ার্ড ৩,৭,৯
১৮	কোনাখালী	কোনাখালী, ওয়ার্ড ১,২,৩	৬১	ভারুয়াখালী	পশ্চিম ভারুয়াখালী, ওয়ার্ড ১,২,৩
১৯	সুরাজপুর	সুরাজপুর, ওয়ার্ড ১,২,৩	টেকনাফ উপজেলা		
২০	মানিকপুর	মানিকপুর, ওয়ার্ড ৪,৫,৬	৬২	হোয়াইকাং	খারাংখালী, ওয়ার্ড ৭,৮,৯
পেকুয়া উপজেলা			৬৩	সাবরাং	শাহপীর দীপ, ওয়ার্ড ৭,৮,৯
২১	রাজাখালী	উত্তর রাজাখালী, ওয়ার্ড ১,২,৩	৬৪	বাহারছড়া	শিলখালী, ওয়ার্ড ৪,৫,৬
২২		মধ্যম রাজাখালী, ওয়ার্ড ৪,৫,৬	৬৫		বড়ডেইল, ওয়ার্ড ৭,৮,৯
২৩	মগনামা	উত্তর মগনামা, ওয়ার্ড ১,২,৩	৬৬	পৌরসভা	ওয়ার্ড ১,২,৩
২৪		মধ্যম মগনামা, ওয়ার্ড ৪,৫,৬	৬৭		ওয়ার্ড ৪,৫,৬
২৫		দক্ষিণ মগনামা, ওয়ার্ড ৭,৮,৯	৬৮		ওয়ার্ড ৭,৮,৯

২৬		উজানটিয়া, ওয়ার্ড ১,২,৩	৬৯	সেন্টমার্টিন	সেন্টমার্টিন উত্তর, ওয়ার্ড ১,২,৩
২৭	উজানটিয়া	সূতাচোরা, ওয়ার্ড ৪,৫,৬	৭০		সেন্টমার্টিন মধ্যম, ওয়ার্ড ৪,৫,৬
২৮		করিয়াদিয়া, ওয়ার্ড ৭,৮,৯	৭১		গলাছিপা, ওয়ার্ড ৭,৮,৯
২৯	বারবাকিয়া	বারইয়াকাটা, ওয়ার্ড ৪,৫,৬	মহেশখালী উপজেলা		
৩০	টোটং	পশ্চিম টোটং, ওয়ার্ড ৪,৫,৬	৭২	বড়মহেশখালী	বড়ডেইল, ওয়ার্ড ১,২,৩
৩১	শিলখালী	জাবুলবুনিয়া, ওয়ার্ড ৪,৫,৬	৭৩	কুতুবজোম	সোনাদিয়া, ওয়ার্ড ১,২,৩
৩২		পূর্ব শিলখালী, ওয়ার্ড ৭,৮,৯	৭৪	মাতারবাড়ি	সিকদারপাড়া, ওয়ার্ড ১,২,৩
		কুতুবদিয়া উপজেলা	৭৫		মগডেইল, ওয়ার্ড ৭,৮,৯
৩৩	উত্তর ধুরং	নয়াকাটা, ওয়ার্ড ১,২,৩	৭৬	ধলঘাট	মুহুরীঘোনা, ওয়ার্ড ১,২,৩
৩৪		বীকখালী, ওয়ার্ড ৪,৫,৬	৭৭		ধলঘাটা, ওয়ার্ড ৪,৫,৬
৩৫	দক্ষিণ ধুরং	আলী ফকির ডেইল ও ধুরং বাজার (আংশিক), ওয়ার্ড ২,৩,৯	৭৮		সাপমারার ডেইল, ওয়ার্ড ৭,৮,৯
৩৬	লেমশীখালী	পূর্ব লেমশীখালী, ওয়ার্ড ২,৩,৫	৭৯	পৌরসভা	ওয়ার্ড ১,২,৩
৩৭		পশ্চিম লেমশীখালী, ওয়ার্ড ১,৪,৬	৮০		ওয়ার্ড ৪,৫,৬
৩৮		দক্ষিণ লেমশীখালী, ওয়ার্ড ৭,৮,৯	ঈদগাঁও উপজেলা		
৩৯	কৈয়ারবিল	উত্তর কৈয়ারবিল, ওয়ার্ড ১,২,৩	৮১	ঈদগাঁও	মাছুয়াখালী, ওয়ার্ড ৪,৫,৬
৪০		ঘিলাছড়ি, ওয়ার্ড ৭,৮,৯	৮২	ইসলামাবাদ	ইসলামাবাদ, ওয়ার্ড ১,২,৩
৪১	বড়ঘোপ	দক্ষিণ বড়ঘোপ ও পশ্চিম বড়ঘোপ (আংশিক), ওয়ার্ড ৩,৪,৬	৮৩		ইউছুপেরখীল, ওয়ার্ড ৪,৫,৬
৪২		পূর্ব বড়ঘোপ, ওয়ার্ড ৭,৮,৯	৮৪	জালালাবাদ	ফরাজীপাড়া, ওয়ার্ড ৪,৫,৬
৪৩	আলী আকবর	শান্তি বাজার ও পূর্ব আলী আকবর ডেইল (আংশিক), ওয়ার্ড ৩,৭,৮	৮৫		পালাকাটা, ওয়ার্ড ৭,৮,৯
৪৪	ডেইল	পূর্ব আলী আকবর ডেইল ও কুতুব আউলিয়া (আংশিক), ওয়ার্ড ৫,৬,৯	৮৬	পোকখালী	নাইক্ষ্যংদিয়া, ওয়ার্ড ৪,৫,৬
			৮৭		গোমাতলী, ওয়ার্ড ৭,৮,৯
			৮৮	ইসলামপুর	উত্তর নাপিতখালী, ওয়ার্ড ১,২,৩
			৮৯		মধ্যম নাপিতখালী, ওয়ার্ড ৪,৫,৬

শর্তাবলী:

(ক) “সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০২৫ (সংশোধিত)” এর পরিশিষ্ট-১ এ প্রদত্ত নমুনা ছক অনুযায়ী আবেদন করতে হবে। (আবেদন ফরম- www.moa.gov.bd থেকে ডাউনলোড করা যাবে)।

(খ) আবেদনকারীদের নির্ধারিত শূন্য ডিলার ইউনিটের বিপরীতে ২০২৫ (সংশোধিত) এর নীতিমালায় বর্ণিত শর্ত পূরণসাপেক্ষে আবেদন করতে হবে।

উল্লেখ্য যে, যেসব আবেদনকারী ১৭ ফেব্রুয়ারি, ২০২৬ তারিখের স্মারক নং-৭৭ এর সার ডিলার নিয়োগ বিজ্ঞপ্তিতে সার ডিলার নিয়োগের জন্য আবেদন দাখিল করেছেন তাদের অনিস্পন্ন আবেদনসমূহ বর্তমান বিজ্ঞপ্তির আওতাধীন মর্মে বিবেচনা করে তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন হবে না।

(গ) আবেদনকারীর যোগ্যতা :

১. আবেদনকারীকে সংশ্লিষ্ট ইউনিয়নের/উপজেলার/পৌরসভার বাসিন্দা হতে হবে এবং এর প্রমাণক হিসেবে জাতীয় পরিচয়পত্র ও সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র বা প্রশাসক অথবা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ দাখিল করতে হবে।

২. নিজ মালিকানায় অথবা ভাড়ায় সংশ্লিষ্ট ইউনিয়ন/পৌরসভার কার্য এলাকায় (ডিলার ইউনিটে) কমপক্ষে ৫০ মে.টন ধারণক্ষমতা সম্পন্ন গুদাম থাকতে হবে; তবে শর্ত থাকে যে, খাবারের দোকান/রেস্টুরেন্ট, গো-খাদ্য, মাছের খাবার, সবজি দোকানের সঙ্গে সার গুদাম করা যাবে না এবং একইভাবে সারের গুদামে বীজ ও বাল্যইনাশক সংরক্ষণ করা যাবে না।

৩. বস্তাবন্দি সার যথাযথভাবে সংরক্ষণের জন্য গুদামের ভিটি স্বাভাবিক বন্যাসীমার চেয়ে উঁচু ও পাকা থাকতে হবে।

৪. আবেদনকারীকে আর্থিকভাবে সচ্ছল হতে হবে এবং আর্থিক সচ্ছলতার প্রমাণক হিসেবে কমপক্ষে ১০.০০ (দশ) লক্ষ টাকার ব্যাংক সচ্ছলতার সাম্প্রতিক সনদ থাকতে হবে।

৫. ইউনিয়ন পরিষদ/পৌরসভা কর্তৃক প্রদত্ত ট্রেড লাইসেন্স থাকতে হবে।

৬. আবেদনকারীর বয়স ন্যূনতম ১৮(আঠারো) বছর হতে হবে (বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য হবে না)।

৭. আবেদনকারীকে শারীরিক ও মানসিকভাবে সুস্থ এবং চলাচলে সক্ষম হতে হবে; এবং

৮. আবেদনকারীর হালনাগাদ আয়কর রিটার্ন দাখিলের সনদ থাকতে হবে।

(ঘ) আবেদনকারীর অযোগ্যতা :

১. ইতঃপূর্বে শাস্তিমূলক ব্যবস্থা হিসেবে কারও সার ডিলারশিপ বাতিল হয়ে থাকলেও তিনি আবেদনের অযোগ্য হবেন। পাশাপাশি ইতঃপূর্বে ব্যবসায় অনিয়ম/কোনো ফৌজদারী বা অন্য কোনো আইনে দণ্ডপ্রাপ্ত হয়ে থাকলে তিনি ডিলারশিপ আবেদনের জন্য অযোগ্য হবেন। তবে ফৌজদারী অপরাধে দণ্ডপ্রাপ্ত ব্যক্তি সাজাভোগের ২(দুই) বছর পর আবেদন করতে পারবেন;

২. কোনো বিধিবদ্ধ সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান/পাবলিক বিশ্ববিদ্যালয়/এমপিওভূক্ত প্রতিষ্ঠানের কর্মচারী বা জনপ্রতিনিধি ডিলার হতে /থাকতে পারবেন না; এবং

৩. সার ডিলার নিয়োগের ক্ষেত্রে একই পরিবারের একজনের ডিলারশিপ বা বিক্রয় প্রতিনিধিত্বশিপ থাকলে পরিবারের অপর কেউ ডিলারশিপের/ বিক্রয় প্রতিনিধিত্বশিপের আবেদন করতে বা ডিলার বা বিক্রয় প্রতিনিধি হতে পারবে না। এক্ষেত্রে পরিবারের সদস্য বলতে পিতা, মাতা, স্বামী/স্ত্রী, পুত্র, পুত্রের পুত্র ও তাদের স্ত্রী, অবিবাহিত কন্যা ও নির্ভরশীল ভাই ও বোন যারা একই খানায় খাদ্য গ্রহণ করে তাদের বুঝানো হয়েছে।

(ঙ) সারের ডিলারশিপের জন্য আবেদনপত্র জমাদানের শর্ত ও প্রয়োজনীয় কাগজপত্র:

১. আবেদনকারীকে নির্ধারিত ছকে (পরিশিষ্ট-০১) আবেদন প্রদত্ত করে তার প্রতিষ্ঠানের নিজস্ব লেটার প্যাডে পরিচয়পত্র (Cover Letter) সহ আবেদন দাখিল করতে হবে।

২. আবেদনপত্রের সঙ্গে নিম্নবর্ণিত দলিলাদি/কাগজপত্র জমা দিতে হবে:

(i) জাতীয় পরিচয়পত্র ও স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত নাগরিকত্ব সনদ;

(ii) সাম্প্রতিক তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজ ছবি;

(iii) হালনাগাদ ট্রেড লাইসেন্স;

(iv) দোকান ও গুদামের পরিমাপের বর্ণনাসহ মালিকানা/ভাড়ার চুক্তিনামার কপি;

(v) ব্যাংক সঞ্চলতার সাম্প্রতিক সনদ;

(vi) আবেদনকারী কর্তৃক স্বাক্ষরিত স্থানীয় জনপ্রতিনিধি কর্তৃক প্রত্যায়িত পরিবারের সদস্যদের পেশাসহ (পিতা, মাতা, পুত্র, অবিবাহিত কন্যা এবং নির্ভরশীল ভাই ও বোন) তালিকা এবং

(vii) হালনাগাদ আয়কর রিটার্ন দাখিলের সনদ।

৩. ডিলারশিপের জন্য আবেদনকারীর কৃষি উপকরণ সংক্রান্ত ব্যবসায় পূর্ব অভিজ্ঞতা থাকলে তার বিবরণ (প্রমাণাদিসহ) দাখিল করতে হবে।

৪. আবেদনপত্রের সঙ্গে আবেদন ফি বাবদ অফেরতযোগ্য ২০০০/- (দুই হাজার) টাকার পোস্টাল অর্ডার/পে-অর্ডার/ডিম্যান্ড ড্রাফট জেলা সার ও বীজ মনিটরিং কমিটির সভাপতি বরাবর জমা দিতে হবে।


৫. একই সঙ্গে সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি বরাবর আর্নেস্টম্যানি বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকার পে-অর্ডার/ডিম্যান্ড ড্রাফট (ফেরতযোগ্য) সংযোজন করতে হবে। আবেদনপত্র যাচাইকালে কোনোরূপ তথ্যগত বা দালিলিক অসত্যতা অথবা সংযুক্ত কাগজপত্র নকল বা জাল প্রমাণিত হলে উক্ত আবেদনপত্র বাতিল ঘোষণা করা হবে এবং আর্নেস্টম্যানি বাবদ জমাকৃত পে-অর্ডার/ডিম্যান্ড ড্রাফট বাজেয়াপ্ত হবে। ফলাফল প্রকাশের পর জেলা প্রশাসক অনিবার্চিত আবেদনকারীদের আর্নেস্টম্যানি বাবদ জমাকৃত পে-অর্ডার/ডিম্যান্ড ড্রাফট ১০(দশ) কর্মদিবসের মধ্যে ফেরত প্রদানের ব্যবস্থা গ্রহণ করবেন। নির্বাচিত আবেদনকারীর আর্নেস্টম্যানি ডিলার নিয়োগের চুক্তি স্বাক্ষরের পর ফেরত প্রদান করা হবে।

(চ) আবেদনপত্র দাখিলের শেষ তারিখ ও স্থান :

১. আবেদনপত্র দাখিলের শেষ তারিখ : ৩১ আগস্ট, ২০২৬ খ্রি: তারিখ বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত ;

২. আবেদনপত্র দাখিলের স্থান: উপপরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, কক্সবাজার।

কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদনপত্র গ্রহণ বা বাতিল করাসহ এই বিজ্ঞপ্তি বাতিলের সকল ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।


মোঃ আঃ সমান
সভাপতি

জেলা সার ও বীজ মনিটরিং কমিটি

ও

জেলা প্রশাসক, কক্সবাজার